



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৩

০৩ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ

১৬ এপ্রিল, ২০২০ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৯/০৪/২০২০ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-১১  
এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। করোনাভাইরাস সংক্রমণ রোধকক্ষে সরকার ঘোষিত সাধারণ ছুটির  
মেয়াদের মধ্যে দেশের বিভিন্ন স্থানে অধিকতর সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে লকডাউন (Lockdown) ঘোষণা এবং  
এর ফলে ব্যবসায়িক লেনদেন সম্পাদনে উত্তৃত বিভিন্ন ব্যাংকিং অসুবিধা সমাধানকক্ষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা  
হয়েছে :

০১। আগামী ১৯ এপ্রিল ২০২০ তারিখ হতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত দৈনিক ব্যাংকিং লেনদেনের  
সময়সূচী সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত এবং লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের  
জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ খোলা রাখার সময়সূচী দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত পুনঃনির্ধারণ  
করা হল।

০২। সীমিত আকারে লেনদেন চলাকালীন সময়ে-

ক) অনলাইন সুবিধা সম্বলিত ব্যাংকসমূহ গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে  
শাখাসমূহের মধ্যে দ্রুত বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখবে। অনলাইন সুবিধা বহির্ভুত ব্যাংকের  
সব শাখা খোলা থাকবে।

খ) সব জেলা সদরে/জেলার গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত ব্যাংকের শাখাসমূহের অন্তত একটি প্রতি  
কার্যদিবসে খোলা রাখতে হবে।

গ) মহানগর/বিভাগীয় পর্যায়ে সব এডি শাখা এবং শুধুমাত্র গুরুত্বপূর্ণ ও জরুরী বৈদেশিক লেনদেন  
সম্পাদনের জন্য দেশের অন্যান্য স্থানে ব্যাংকের স্বীয় বিবেচনায় নির্বাচিত এডি শাখা/শাখাসমূহ খোলা রাখতে হবে।

ঘ) শ্রমধন শিল্প এলাকায় অবস্থিত সব ব্যাংকের সব শাখা খোলা রাখতে হবে।

ঙ) সমুদ্র/স্তল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/বুথ খোলা  
রাখার বিষয়ে ০৫/০৪/২০১৯ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-২৪ অনুসারে স্থানীয় প্রশাসনসহ বন্দর/কাস্টমস্  
কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

০৩। মহানগর/জেলা/উপজেলা প্রশাসন কর্তৃক লকডাউন (Lockdown) ঘোষণাকৃত এলাকায় সংশ্লিষ্ট  
প্রশাসনের সাথে আলোচনাক্রমে জরুরী বিবেচনায় কমপক্ষে একটি শাখা প্রতিকার্যদিবসে খোলা রাখার ব্যবস্থা গ্রহণ  
করতে হবে। এরপুর খোলা রাখা শাখার কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াত নির্বিলু রাখার বিষয়ে সংশ্লিষ্ট প্রশাসনকে  
অবহিত রাখতে হবে।

০৪। গ্রাহকের প্রয়োজনে নগদ/চেকের মাধ্যমে অর্থ জমা এবং উত্তোলন, ডিডি/পে-অর্ডার ইস্যু, শ্রমঘন শিল্প এলাকায় শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে যাবতীয় খণ্ড নিয়মাচার পরিপালনপূর্বক খণ্ড মঙ্গুর ও বিতরণসহ বিভিন্ন কার্যক্রম, ট্রেজারি চালান গ্রহণ, বিভিন্ন প্রকার জাতীয় সঞ্চয় সার্টিফিকেট-এর মেয়াদপূর্বৰ্তীতে নগদায়ন ও কৃপনের অর্থ পরিশোধসহ বাংলাদেশ ব্যাংক কর্তৃক চালু রাখা বিভিন্ন পেমেন্ট সিস্টেমের/ক্লিয়ারিং ব্যবস্থার আওতাধীন অন্যান্য লেনদেন সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে।

০৫। খোলা রাখা শাখার ক্ষেত্রে সোস্যাল ডিস্টেন্সিং সংক্রান্ত WHO গাইডলাইনসহ এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৫/২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০২০ এর নির্দেশনার পরিপূর্ণ পরিপালন নিশ্চিত করতে হবে।

০৬। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৭। এতদ্বিষয়ে ইতোপূর্বে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৬/২০২০, ০৭/২০২০, ০৮/২০২০, ০৯/২০২০ এবং ১০/২০২০ বাতিল এবং ডিওএস সার্কুলার লেটার নং-১১/২০২০ সংশোধিত হিসেবে গণ্য হবে। সোনালী ব্যাংক লিমিটেড, অঞ্চলী ব্যাংক লিমিটেড, জনতা ব্যাংক লিমিটেড, রূপালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক এর ক্ষেত্রে এই সার্কুলার লেটারের নির্দেশনার পাশাপাশি উক্ত ব্যাংকগুলোর নিকট প্রেরিত ১১ এপ্রিল ২০২০ তারিখের ডিওএস(জি)১১৫১/৫০/২০২০-ক-১৯(১) নং পত্রের নির্দেশনাও প্রযোজ্য হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১১৩